দৈনিক ইনকিলাব

তারিখ JAN 24 2003
পৃষ্ঠা ২৭ কলাম ৪

# ১৫ হাজার ছাত্র-ছাত্রীর পদচারণায় মুখর তিতুমীর কলেজ

রাজধানীর মহাখালীতে অবস্থিত নগরীর প্রাচীন বিদ্যাপীঠ তিতুমীর কলেজ। প্রায় ১৫ হাজার ছাত্র-ছাত্রীর পদচারণায় কলেজ ক্যাম্পাসের মাঠ, শহীদ মিনার ও দক্ষিণ-পশ্চিম কোণের মেহগনি বাগান সবসময় প্রাণচঞ্চল থাকে। শীতের মিঠে রোদে ছাত্র-ছাত্রীদের অবসর কাটানো এবং আড্ডা দেয়ার মূল স্থান হচ্ছে কলেজের মাঠ। এ ছাড়া শহীদ মিনার ও মেহগনি বাগানে ক্লাসের ফাঁকে জমে আড্ডা।

তিতুমীর কলেজে ১৫টি বিষয়ে অনার্স ডিগ্রী পড়ানো হয়। এ ছাড়া মাস্টার্স ডিগ্রী পড়ানো হয় এই কলেজে। পড়ালেখার মান ও যোগাযোগ ব্যবস্থার দিক থেকে ভাল অবস্থানে থাকায় এ কলেজের প্রতি রয়েছে নগরীর ছাত্র-ছাত্রীদের বিশেষ আগ্রহ। নিয়মিত সংস্কৃতি চর্চা থেকে শুরু করে পড়াশোনার পাশাপাশি ছাত্র-ছাত্রীরা খেলাধুলার প্রতিও এখানে বেশ মনোযোগী। কলেজের মূল গেট দিয়ে প্রবেশ করতেই হাতের ডান পাশে মেহগনির বাগান এবং বাম পাশে বিশাল মাঠ। একটু সামনেই রয়েছে শহীদ মিনার। এ জায়গাগুলো ছাত্র-ছাত্রীদের পদচারণা ও কলকাকলিতে সকাল-সন্ধ্যা মুখরিত থাকে। ক্যাম্পাসে অবসর কাটানো এবং আড্ডা দেয়ার মূল জায়গা হচ্ছে শহীদ মিনার চত্বর এবং মেহগনির বাগান।

এখানে পড়ালেখার পরিবেশ নিয়ে ছাত্র-ছাত্রীরাও সন্তুষ্ট। ছাত্র-ছাত্রীদের সাথে কথা



বলে জানা যায়, ছাত্র রাজনীতির কারণে পড়ালেখার পরিবেশ মাঝে-মধ্যে অশান্ত হয়ে ওঠে। কলেজের বিজ্ঞানাগারে প্রয়োজনীয় উপকরণের অভাবের কথা উল্লেখ করেছেন অনেক ছাত্র-ছাত্রী। এইচএসসি বিজ্ঞান বিভাগের ছাত্র আবুল কালাম বলেন, প্রাকটিক্যাল বা ব্যবহারিক ক্লাস করতে গেলে দেখা যায় ল্যাবরেটরীতে পর্যাপ্ত উপকরণ নেই। কলেজ লাইব্রেরীতে প্রয়োজনীয় বইয়েরও অভাব রয়েছে। ১৫টি বিষয়ে

অনার্স ডিগ্রী এবং মাস্টার্স কোর্স চালু থাকলেও পর্যাপ্ত রেফারেন্স বই নেই লাইব্রেরীতে। এ ছাড়া বিএ, বিএসএস এবং বিকমও এখানে পড়ানো হয়। কলেজের একজন শিক্ষক জানান, প্রতিবছর প্রচুর ছাত্র-ছাত্রী তিতুমীর কলেজ থেকে মাস্টার্স প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে। কলেজের ছাত্র-ছাত্রীদের তেমন আবাসিক সুযোগ-সুবিধা নেই। ১৫ হাজার ছাত্র-ছাত্রীদের মধ্যে মাত্র ৫শ'-এর মত ছাত্র-ছাত্রী আবাসিক সুযোগ পেয়ে থাকে। কলেজের রয়েছে মাত্র একটি আবাসিক হোস্টেল। ছাত্রদের জন্য আবাসিক সুবিধা নামেমাত্র থাকলেও ছাত্রীদের জন্য কোন আবাসিক সুবিধা নেই। অথচ কলেজে অধ্যয়নরতদের মধ্যে এক-তৃতীয়াংশের বেশী হচ্ছে ছাত্রী।

❑ মাসুদ নোমান